উপজেলা পরিষদ কার্যালয়
দুমকী, পটুয়াখালী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের বিশেষ সভার কার্য বিবরণী**

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুমকী, পটুয়াখালী।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ঃ ০১/০১/২০১৫ খ্রিঃ বেলা-১১.০০ মিঃ

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সদস্য সচিবকে আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি নির্ধারিত বিষয়গুলো নিয়ে আলোচনা শুরু করেন এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১।</td><td>সভাপতি মহোদয় সভায় জানান যে, বর্তমান পরিষদ ১৫ মে ২০১৪ তারিখে দায়িত্বভার গ্রহণ করে সুচারুরূপে সরকারি দায়িত্ব পালন করে আসছে। কিন্তু উপজেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা মনোনীত না থাকায় এ সকল কর্মকান্ড জনসাধারণকে অবহিত করা যাচ্ছে না। তাই এ পরিষদের সকল কর্মকান্ড সরকারি, বেসরকারি, বিভিন্ন ব্যক্তি ও গণমাধ্যমে ব্রিফিং এর জন্য একজন তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার যেহেতু উপজেলা পরিষদের সাচিবিক দায়িত্ব পালন করেন তাই তাকে উপজেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা মনোনীত করার প্রস্তাব করেন।<br>এ বিষয়ে উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ একমত পোষন করেন এবং উপস্থিত ইউপি চেয়ারম্যানগন বিস্তারিত আলোচনা করেন এবং প্রত্যেকেই উপজেলা নির্বাহী অফিসারকে তথ্যপ্রদানকারী কর্মকর্তা হিসেবে মনোনীত করার বিষয়ে সম্মত হন।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসারকে দুমকী উপজেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে মনোনীত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ চেয়ারম্যানের সাথে পরামর্শ করে উপজেলা পরিষদের সার্বিক কর্মকান্ডের ব্রিফিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
<tr><td>২।</td><td>সভাপতি মহোদয় জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ পাওয়া গেছে। নির্দেশিকার ৭(৪) অনুচ্ছেদে উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প যাচাই বাছাইয়ের জন্য নিম্নবর্নিতভাবে ১৩ (তের) সদস্য বিশিষ্ট প্রকল্প বাছাই কমিটি গঠনের রূপ রেখা দেয়া হয়েছে।
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যান</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, দুমকী</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দুমকী</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা পাণিসম্পদ কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা জনস্বাস্থ্য সহকারী প্রকৌশলী, দুমকী</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দুমকী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, দুমকী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দুমকী</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
বর্ণিত কমিটি অনুমোদনের জন্য প্রস্তাব করা হলে উপস্থিত সকল সদস্যগন একমত পোষন করেন।</td><td>উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ৭(৪) অনুচ্ছেদে বর্নিত ১৩ (তের) সদস্য বিশিষ্ট প্রকল্প বাছাই কমিটি সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।</td></tr>
<tr><td>৩।</td><td>সভাপতি মহোদয় বলেন, বর্তমান সরকার তথ্য প্রযুক্তির অভূতপূর্ব উন্নয়ন সাধন করেছেন। এ লক্ষ্যে সরকার বাংলাদেশকে একটি ডিজিটাল দেশে রূপান্তরের আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় বর্তমান সরকার একযোগে সকল সরকারী দপ্তরে ওয়েবপোর্টাল চালু করছে। তাই আমাদের উপজেলা পরিষদের এ ওয়েবপোর্টালটি সব সময় তথ্য উপাত্ত দিয়ে হালনাগাদ রাখা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদের সকল দাপ্তরিক কার্যক্রম ও চিঠিপত্র ওয়েবপোর্টালে আপলোড দেয়ার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রধানকে অনুরোধ জানান।</td><td>উপজেলা পরিষদের ওয়েবপোর্টাল সবসময় হালানাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ শাহজাহান সিকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দুমকী, পটুয়াখালী।
তারিখ- ০১/০১/২০১৫ খ্রি.।

স্মারক নং- ৪৬.০৪৬.০০০.০০১.১২.০১.১৫-১৮৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ-

০১। মাননীয় সংসদ সদস্য-১১১, পটুয়াখালী-১ এবং উপদেষ্টা, দুমকী উপজেলা পরিষদ, পটুয়াখালী।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা ............................................ অফিসার, দুমকী।
০৫। জনাব ........................................................................ দুমকী।
০৬। অফিস নথি।

(মোঃ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।